



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম। Web : www.bise-ctg.gov.bd

স্মারক নম্বর/চশিবো/পরী/মাধ্য/পরি-১১/২০১৯/ ১৬৪(২৫০)


তারিখ: ০২/১০/২০২২খ্রি:

এসএসসি পরীক্ষা-২০২২ এর স্বাক্ষরলিপি, ব্যবহারিক উত্তরপত্র ও অন্যান্য মালামাল জমা প্রদান সংক্রান্ত

বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্রবোর্ডের আওতাধীন এসএসসি পরীক্ষা-২০২২ এর কেন্দ্র সচিবগণকে জানানো যাচ্ছে

- ক) নির্দিষ্ট তারিখের মধ্যে অবশ্যই পরীক্ষা সম্পন্ন করতে হবে এবং ১৭/১০/২০২২ তারিখের মধ্যে কেন্দ্র সচিব অথবা তাঁর প্রতিনিধিকে হাতে হাতে ব্যবহারিক পরীক্ষায় ব্যবহৃত উত্তরপত্রসমূহ, পরীক্ষার্থীদের স্বাক্ষরলিপি, (রোল নম্বরের ক্রমানুসারে সাজিয়ে) অনুপস্থিতিপত্র, বহিষ্কৃতদের তালিকা (যদি থাকে) ব্যবহারিক পরীক্ষার্থীদের নম্বরফর্দ রোল নম্বরসহ আলাদা সীলগালাকৃত প্যাকেটে সরাসরি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা দিতে হবে।
- খ) সরবরাহকৃত প্রশ্নপত্রের ট্রাঙ্ক ও অব্যবহৃত মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র এবং অব্যবহৃত ব্যবহারিক উত্তরপত্রসহ অন্যান্য মালামাল ১৬/১০/২০২২ইং হতে ২০/১০/২০২২ তারিখের মধ্যে বোর্ডের স্টোরে জমা দিতে হবে। উক্ত তারিখের মধ্যে মালামাল জমা দিতে ব্যর্থ হলে ৫০০/-টাকা বিলম্ব ফি ব্যাংক ড্রাফটের মাধ্যমে (সচিবের অনুকূলে) ৩১/১০/২০২২ইং তারিখ জমা দিতে হবে।
- গ) ব্যবহার উপযোগী/অব্যবহৃত মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, ব্যবহারিক উত্তরপত্রসহ অন্যান্য উদ্ধৃত ফর্মসমূহ সরবরাহ তালিকা অনুযায়ী অত্রবোর্ডে জমা দিতে হবে।



(নারায়ন চন্দ্র নাথ)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

ফোন- ০২৩৩৩৩৩৬৭৬৪, ফ্যাক্স :০২৩৩৪৪৫৩১৫১

Email : ce@bise-ctg.gov.bd

প্রাপক:

প্রধান শিক্ষক/কেন্দ্র সচিব

অত্রবোর্ডে আওতাধীন সকল কেন্দ্র।